

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা-৭২০০, ফোন: ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapourashava.org

E-mail: chuadangapourasava@lgd.gov.bd

স্মারক নং- চুয়াঃ পৌঃ প্রশা-১১/২০২৪/১-২০২৬-৭৩২

তারিখ: ২৫/০০/২০২৬ খ্রিঃ

“মাসিক সভার নোটিশ”

বিষয়: পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সভার নোটিশ।

চুয়াডাঙ্গা পৌরসভার পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সেপ্টেম্বর ২০২৬ মাসের সভা আগামী ২৬-১০-২০২৬ তারিখ রোজ-সোমবার সকাল: ১১.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(বিঃ দ্রঃ কোন প্রতিনিধিকে না পাঠানোর জন্য অনুরোধ করা হলো)।

আলোচ্যসূচী:-

- ০১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২) পৌরসভার চলমান কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
- ০৩) বিবিধ।


(তিথি মিত্র)

প্রধান নির্বাহী কর্মকর্তা

চুয়াডাঙ্গা পৌরসভা।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সিভিল সার্জন, চুয়াডাঙ্গা।
০২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৫. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৬. জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
০৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
০৮. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
০৯. সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা তার মাসিক কর্মকাণ্ডের তথ্য নিয়ে সভায় হাজির থাকাসহ সকল তথ্যাদির ০১ সেট কপি পৌর নির্বাহী কর্মকর্তার নিকট জমা দেয়ার নির্দেশনা দেওয়া হলো।

➤ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।
২. অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org

Email- chuadangapourasava@lgd.gov.bd

পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ২৪তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্থান : পৌরসভা মিলনায়তন

তারিখ : ২২-০৯-২০২৬ খ্রি:

সময় : সকাল : ১১.০০ ঘটিকা

সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিস্টারে সংরক্ষিত।

ক্রমিক নং	সভায় উপস্থিত সদস্য গণের নাম	মন্তব্য
০১	জনাব মোঃ শাহিনুর ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা।	উপস্থিতি স্বাক্ষর হাজিরা রেজিস্টার খাতায় সংরক্ষিত
০২	জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৩	জনাব মাসুদুর রহমান, উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৪	জনাব মোঃ আনিসুর রহমান, জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।	
০৫	জনাব মোঃ তাজুল ইসলাম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা।	
০৬	জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।	

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সাহেবের কুশলাদি ও শুভেচ্ছা বিনিময় শেষে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নে
০১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:- সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র বিগত ইং ২৫-০৮-২০২৬ তারিখে অনুষ্ঠিত ২৩তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃষ্টিকরনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ২৩ তম সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয়	পৌর পরিষদ
০২	ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:- ট্রেড লাইসেন্স আদায় নিয়ে আলোচনাকালে সভায় উপস্থিত লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাম্মদ পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি আগস্ট/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৪৭৩ টি এবং আয় হয়েছে ১৩,৭৪,৩৩৩/-টাকা। এছাড়াও তিনি আরো জানান পৌরসভার ঠিকাদারী লাইসেন্স নবায়ন করার জন্য ৩৫ টি এবং নতুন করার জন্য ০৯ টি আবেদন জমা পড়ে। যাচাই-বাছাই কমিটি নবায়নকৃত এবং নতুন ঠিকাদারী আবেদন সঠিক থাকায় নবায়নকৃত এবং নতুন ঠিকাদারী লাইসেন্স প্রদানের সুপারিশ করিয়াছে। সভায় এ বিষয়ে আলোচনা হয়।	(১) বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়াসহ অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (২) যাচাই-বাছাই কমিটি নবায়নকৃত ৩৫ টি এবং নতুন ০৯ টি ঠিকাদারী লাইসেন্সের প্রদানের সুপারিশ করাই সকল ঠিকাদারী লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	লাইসেন্স শাখা
০৩	পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:- (ক) সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ অরিনুজ্জামান জানান RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ৩০% সম্পন্ন হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। সভাকে তিনি আরো জানান সরকারী উন্নয়ন তহবিলের আওতায় ১৩ টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শুরু করা হয়েছে। (খ) সভায় উপসহকারী প্রকৌশলী আরো জানান গত ইং ১৫-০৯-২০২৬ লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রকল্পের সহায়তায় পৌরসভা কর্তৃক প্রণীত লোকাল প্রিপেয়ার্ডনেস প্ল্যান (এলপিপি) রিভিউ কমিটির সভা অনুষ্ঠিত হয়। রিভিউ কমিটির সভার আলোচ্য বিষয় সমূহ ও সিদ্ধান্ত সমূহ সভাতে উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ রিভিউ কমিটির সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার সুপারিশ করেন।	(ক) প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করাসহ কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ করার তাগিদ দেওয়া। সরকারী উন্নয়ন তহবিলের আওতায় ১৩ টি প্যাকেজের কাজ ইতোমধ্যে শুরু হওয়ায় কাজের গুণগতমান নিশ্চিত করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। (খ) ১৫-০৯-২০২৬ তারিখে লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকভারি প্রকল্পের সহায়তায় পৌরসভা কর্তৃক প্রণীত লোকাল প্রিপেয়ার্ডনেস প্ল্যান (এলপিপি) রিভিউ কমিটির সিদ্ধান্ত সমূহ সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়।	প্রকৌশল বিভাগ

	(গ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান আগস্ট-২০২৬ মাসে নক্সা অনুমোদন করার জন্য ০৭ টি আবেদন জমা পড়েছে। আগস্ট-২০২৬ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ১,৭২,৮০৫/- টাকা। পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন আগস্ট, ২০২৬ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ১৫টি এবং আয় হয়েছে ৪৫,০০০/- টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্ল্যান বহির্ভূত ভাবে অনেক ছাপনা এবং ভবন নির্মিত হচ্ছে যা আইনত দণ্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরনের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। সকল অভিযোগ সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নক্সাকার ও সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করা হয়। (ঘ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান যে, চুয়াডাঙ্গা পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/ছাপনার নকশা অনুমোদন কমিটির ০৭ জন সদস্যকে পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১৮-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ তম মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক সদস্যকে ১০০০/- (এক হাজার) টাকা হারে (ভ্যাট ও আয়করসহ) সম্মানী প্রদান করা হতো। পরবর্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর জারীকৃত ইং ২৬-০৬-২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.০৯.০০১.২১-৩৯৫ নং স্মারকে পৌরসভার জন্য ১৫ (পনের) সদস্য বিশিষ্ট ইমারত/ছাপনার নকশা অনুমোদন কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারী করেন। প্রজ্ঞাপনের আলোকে অত্র পৌরসভার জন্য ইং ০৫-০৩-২০২৬ তারিখের চুয়াঃ পৌঃ প্রসাঃ/২০২৬/১৯১ নং স্মারক প্রজ্ঞাপনে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। যেহেতু কমিটির সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়ে ১৫ জন হয়েছে। সে কারনে কমিটির প্রতি সদস্যের জন্য সম্মানী বাবদ ৫০০/- (পাঁচ) শত টাকা হারে (ভ্যাট ও আয়করসহ) প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। (ঙ) বিদ্যুৎ শাখা: সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন আগস্ট/২০২৬ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ২৩২ টি এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন।	(গ) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন ছাপনা বা ভবন নির্মাণের পূর্বে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা ছাপনা নির্মাণ করা হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নক্সাকার/সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করাসহ পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) বিদ্যমান ইমারত/নকশা অনুমোদন কমিটির সদস্যগণের প্রত্যেককে ভ্যাট ও আয়করসহ ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (ঙ) পোলের সেড পাওয়া মাত্রই বিভিন্ন স্থানে রোড লাইট স্থাপন করা চলমান থাকবে। সড়কবাতি গুলি সচল থাকায় পৌরসভার বিদ্যুৎ শাখাকে ধন্যবাদ জানানো হয়।	প্রকৌশল বিভাগ/নক্সাকার/সার্ভেয়ার উপ সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার
০৪	পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:- সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার আগস্ট, ২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, আগস্ট, ২৬ মাসে পানি শাখার গত মাসের জের ২৬,৪০,৬৫৬/- টাকা এবং চলতি আয় ২১,৫৪,৮৪৫/- টাকা। সর্বমোট আয় হয়েছে ৪৭,৯৫,৫০১/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২৫,৮৭,৯৯৫/- টাকা উদ্বৃত্ত জের ২২,০৭,৫০৬/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ২,২৮,১৬,৭৪৪/- টাকা এবং চলতি মাসের আয় ১,০৯,১৪,২২২/- টাকা, সর্বমোট আয় ৩,৩৭,৩০,৯৬৬/- টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৫৪,৮২,০৩৯/- টাকা উদ্বৃত্ত জের ২,৮২,৮৮,৯২৭/- টাকা। হিসাব সঠিক থাকায় আয় ব্যয়ের হিসাব অনুমোদনের সিদ্ধান্ত হয়।	কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	হিসাব রক্ষণ কর্মকর্তা
০৫	পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:- সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার কর আদায়কারী জনাব মোঃ আশরাফুল আলম জানান যে, মোট দাবী ৯,০৫,৮৪,৯৪৬/- টাকা এবং আগস্ট/২৬ মাসে বকেয়া আদায় ৯,৫৮,৩২৫/- টাকা এবং হাল আদায় হয়েছে ৬৮,২৩,২৬৭/- টাকা সর্বমোট আদায় হয়েছে ৭৭,৮১,৫৯২/- টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন।	বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয়	এসেসর/কর শাখা
০৬	স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সম্পর্কে আলোচনা:- সভায় উপস্থিত পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র চুয়াডাঙ্গা পৌরসভা জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নাগিস জাহান সভায় জানান আগস্ট, ২৬ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ২০৮ টি তন্মধ্যে পুরুষ ১০৮ জন ও	জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।	সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার

[Signature]

	নারী ১০০ জন এবং এক বছরের নীচে ৫১ জন। ৪৫ দিনের মধ্যে শিশু নিবন্ধন ১৫ টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৪৬ টি তন্মধ্যে পুরুষ ৩০ জন ও নারী ১৬ জন। শিশু নিবন্ধন কম হওয়ায় সভা অসন্তোষ প্রকাশ করেন। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা শিশু জন্ম নিবন্ধন হার বৃদ্ধির জন্য তিনি কিছু দিক নির্দেশনা প্রদান করেন। জন্ম নিবন্ধনে User ID থেকে ২৪,১২৫/-টাকা এবং বিবিধ রশিদের মাধ্যমে ৬৪,১৫০/-টাকা আয় হয়েছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন।		
০৭	ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:- সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) আগষ্ট-২০২৬ ইং মাসে গরু জবেহ করা হয় ১৮৬ টি, ছাগল ৭৭৭ টি। এছাড়াও তিনি পৌর এলাকায় পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামাসহ হাট-বাজারের পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সভায় আলোচনা করেন।	(ক) পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের বিষয়ে পরিবেশগত সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা, পার্কিং ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যবস্থা সংক্রান্ত (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রতিবেদন গ্রহণ সাপেক্ষে অনাপত্তিনামা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) নিয়মিত হাট-বাজার পরিদর্শন পূর্বক পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সেনেটারী ইন্সপেক্টর
০৮	ক) টিকাদান কর্মসূচী সম্পর্কে আলোচনা:- ক) সভায় টিকাদান কর্মসূচী সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন আগষ্ট/২০২৬ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণঃ-বিসিজি-২০৮ টি, পেন্টা-১=২২১ টি, পেন্টা-২= ৩২০ টি, পেন্টা-৩= ২১৬ টি, পোলিও-১= ২২১ টি, পোলিও-২= ৩২০ টি, পোলিও-৩= ২১৬ টি, পিসিভি-১= ২২১ টি, পিসিভি-২= ৩২০ টি, পিসিভি-৩= ২১৬ টি, এম আর-১= ২২০ টি, এম আর-২=১৬৫, আইপিভি-১= ২১৬ টি, আইপিভি-২= ০ টি, টিডি-১= ৯১ টি, টিডি-২= ১২৪ টি, টিডি-৩= ১০৮ টি, টিডি-৪= ২৯ টি, টিডি-৫= ১৪৮ টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। খ) ময়লা-আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা: সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কঙ্কারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমানের নিকট জানতে চান। প্রশাসক মহোদয়ের প্রশ্নের জবাবে কঙ্কারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান জানান শহরে পরিষ্কার পরিচ্ছন্ন কাজ চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাত্ক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। এ ছাড়াও তিনি আরো জানান পৌরসভা কর্তৃক মাসিক ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার একটি মডিউল প্রস্তুত করেছে। প্রস্তুতকৃত মডিউল অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ চলমান আছে। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচীসহ প্রতিনিয়ত ফগার মেশিন এবং হস্ত চালিত মেশিন দিয়ে শহরের বিভিন্ন স্থানে স্প্রে চলমান আছে।	টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। (১) শহরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাত্ক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। পৌরসভা কর্তৃক মাসিক ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার মডিউল অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্ন কাজ চলমান রাখাসহ ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী এবং প্রতিনিয়ত ফগার মেশিন এবং হস্ত চালিত মেশিন দিয়ে শহরের বিভিন্ন স্থানে স্প্রে চলমান রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	টিকাদান সুপারভাইজার কঙ্কারভেন্সী পরিদর্শক



০৯	পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা: সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছজ্জামান দায়িত্ব প্রাপ্ত (পানি সরবরাহ শাখা) শাখা নিম্ন আকারে আগস্ট/২৬ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১১ টা, পুনঃ সংযোগ ০১ টা, ডায়া উন্নয়ন ০১ টা, নাম পরিবর্তন ০০ টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০৫ টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে আগস্ট/২৬ পর্যন্ত মোট দাবী = ৩,০২,৯২,৮১৪/-টাকা। তন্মধ্যে বকেয়া দাবীর পরিমাণ = ৪৯,২৪,২১৪/-টাকা। আগস্ট-২০২৬ মাসে মোট আদায় হয়েছে = ৪২,২৭,৮৯৬/-টাকা, তন্মধ্যে আগস্ট-২০২৬ মাসে বকেয়া আদায়ের পরিমাণ ৮,৬০,৬২৮/-টাকা। কম্পিউটার/লেক্সার পোষ্টিং ৫,৫১২ টা, মোট পানির গ্রাহক সংখ্যা ৮,০৫৫ (কর্তন ১২২৭) মোট = ৬,৮৩১ টি। মোট মটর গ্রাহক সংখ্যা ৯৮৪ টি। উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছজ্জামান আরো বলেন, সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করার কারণে পানি সরবরাহ পাম্পের বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হবে না। পানির বকেয়া বিল আদায় সম্ভাবজনক না হওয়ায় পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন।	(১) পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে বকেয়া বিল আদায়ের জন্য লাইন কর্তনের কাজ চলমান রাখা এবং আরো দায়িত্বশীল হওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়। (২) বকেয়া বিলের কত টাকা আদায় হয়েছে আগামী সভাতে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী/বিলক্লার্ক
১০	বিবিধ-(১) ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার সংক্রান্ত বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভা রুটিন মাসিক পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমসহ নিয়মিত মশক নিধন কার্যক্রম চলমান আছে। সেই সাথে সরকারী নির্দেশনা মোতাবেক সপ্তাহের প্রতি শনিবার পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ ডেঙ্গু মশাবাহিত রোগ প্রতিরোধে অংশীজনদের নিয়ে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এছাড়াও জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিতব্য জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীর কিছু অংশ (পৌরসভার ক্ষেত্রে) সভায় পাঠ করে শুনানো হয়। সভায় পৌরসভার কঞ্জারভেন্সী পরিদর্শক মোঃ জুবায়ের রহমান ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ প্রচার পত্র, ফগার মেশিন ও স্প্রে-মেশিনে ব্যবহারের জন্য কীট নাশক সরবরাহ করার জন্য আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। সভাকে আরো অবগত করা হয় যে, সরকারী উন্নয়ন বাজেট হতে পৌরসভার জন্য “মশক নিধনের কার্যক্রম/পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার” উপখাতে বরাদ্দ আছে। সভায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার সংক্রান্ত বিষয়ে আলোচনা পূর্বক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। বিবিধ-(২) জেলা প্রশাসক গোন্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৬ আয়োজনের লক্ষ্যে জেলা পর্যায়ে দল গঠন ও সামগ্রিক বিষয়ে সমন্বয় করার জন্য ইং ২৭-০৭-২০২৬ তারিখের চুয়াঃ পৌঃ প্রশা/২০২৬/৬১৭(৫) নং স্মারক অনুযায়ী কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি নিদিষ্ট সময়সূচী অনুযায়ী খেলায় অংশ গ্রহণের জন্য দল গঠনের ক্ষেত্রে চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে হতে খেলোয়ার যাচাই বাছাই করা, খেলোয়ারদের প্রাকটিস এর আয়োজন করা এবং তাদের মধ্যে হতে যাচাই বাছাই শেষে খেলোয়ার, কোচ, ম্যানেজার সহ ২৪(চব্বিশ) জন সদস্য বিশিষ্ট ফুটবল টিম গঠন করা হয়। উক্ত দলে পৌর এলাকার মধ্যে হতে ১৯ জন এবং চুয়াডাঙ্গা জেলার বাহির হতে ০২জন (বিনাইদহ) জেলার ও ০১জন বিদেশি প্রেয়ার (নাইজেরিয়া), সে ক্ষেত্রে কোচ ০১জন, ম্যানেজার ০১ জন সর্বমোট ২৪ জন নিয়ে চূড়ান্ত দল গঠন করা হয়। উক্ত খেলায় ০৪টি উপজেলা দল ও ০৪টি পৌরসভাসহ মোট ০৮টি দল নিয়ে নকআউট ভিত্তিতে খেলা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয় উক্ত খেলায় জেলাধীন এক উপজেলা/পৌরসভার খেলোয়ার অন্য উপজেলা/পৌরসভার হয়ে খেলতে পারবে না। তবে প্রতি ম্যাচে প্রতি দলে সর্বোচ্চ ০৩(তিন) জন অন্য জেলার/বিদেশি খেলোয়ার নেওয়া যাবে। দেশী খেলোয়ারদের পাশাপাশি বিদেশি খেলোয়ার, কোচ, ম্যানেজারদের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়া, জার্সি, প্যান্ট, হুজসহ প্রত্যেক দল নিজ খেলোয়ারদের সুরক্ষার জন্য ব্যাথানাসক স্প্রে, ভায়োডিন, ব্যান্ডেজ, সেপাট টেপ, মুভক্রিম সহ প্রাথমিক	(ক) জেলা প্রশাসক গোন্ড কাপ সম্পাদনে জেলা প্রশাসকের নির্দেশনা অনুযায়ী পুরাতন স্টেডিয়ামসহ ২৩-২৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ পৌরসভার ০৯ টি ওয়ার্ডে অতিরিক্ত লেবার দ্বারা পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বিধি মোতাবেক স্থানীয় ভাবে ফগার মেশিনে ব্যবহারের জন্য ৩৫ লিটার ডেসিস কীট নাশক এবং মশার লার্ভা ধ্বংস করার জন্য ৪০ লিটার জুবাস কীট নাশক ক্রয় ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য ২০,০০০(বিশ হাজার) লিফলেট ছাপানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) পৌরসভাধীন সকল পরিচ্ছন্নতা ও মশক নিধন সংক্রান্ত ব্যয় উল্লিখিত উন্নয়ন বাজেটে পৌরসভার জন্য “মশক নিধনের কার্যক্রম/পরিষ্কার-পরিচ্ছন্নতা ও প্রচার” উপখাতে হতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) ১৩/০৯/২০২৬ তারিখের উদ্বোধনী খেলায় পৌরসভা টিমের জন্য খেলোয়ারদের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়া, জার্সি ক্রয়সহ অন্যান্য যাবতীয় ব্যয় বাবদ সর্বমোট ৮০,০০০/- (আশি হাজার) টাকার ব্যয় বিবরণী এবং দ্বিতীয় ম্যাচ গত ইং ১৯/০৯/২০২৬ তারিখে সেমিফাইনাল খেলায় প্রেয়ারদের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়াসহ সার্বিক বিষয়ে সর্বমোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	কঞ্জারভেন্সী পরিদর্শক/টিকাদান সুপার ভাইজার সমাজ উন্নয়ন কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা

সরাজাম এর পাশাপাশি বিদেশি খেলোয়াড়দের আবাসিক হোটেলে রাখা হয়। সভায় গত ইং ১৩/০৯/২০২৬ তারিখের উদ্বোধনী খেলায় পৌরসভা টিমের জন্য খেলোয়াড়দের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়া, জার্সি ক্রয়সহ অন্যান্য যাবতীয় ব্যয় বাবদ সর্বমোট ৮০,০০০/- (আশি হাজার) টাকার ব্যয় বিবরণী এবং দ্বিতীয় ম্যাচ গত ইং ১৯/০৯/২০২৬ তারিখে সেমিফাইনাল খেলায় প্রেরারদের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়াসহ সার্বিক বিষয়ে সর্বমোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকার ব্যয় বিবরণী উপস্থাপন করা হয়। এছাড়াও ২৬/০৯/২০২৬ তারিখের ফাইনাল খেলা উপলক্ষে খেলোয়াড়দের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়াসহ অন্যান্য ব্যয় বাবদ ১,০৭,০০০/- (এক লক্ষ সাত হাজার) টাকার ব্যয় বিবরণী সভায় উপস্থাপন করা হয়।	(খ) ২৬/০৯/২০২৬ তারিখের ফাইনাল খেলায় খেলোয়াড়দের সম্মানী, নাস্তা, দুপুরের খাওয়া দাওয়াসহ সর্বমোট ১,০৭,০০০/- (এক লক্ষ সাত হাজার) টাকার ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	
---	---	--

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(Signature)
২৬/০৯/২৬

(শারমিন আক্তার)

প্রশাসক

চুয়াডাঙ্গা পৌরসভা

তারিখ: ২৮-০৯-২০২৬ খ্রি.

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/৮৩৩(১৫)

➤ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

০৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

৬-১৩। জনাব..... সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৪। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৫। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

(Signature)
২৬/০৯/২৬

(শারমিন আক্তার)

প্রশাসক

চুয়াডাঙ্গা পৌরসভা।